# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

কুমিল্লা শাখা, ১২৫/১১৭, রাজগঞ্জ, ছাতিপট্টি, কুমিল্লা, কুমিল্লা সিটি কর্পোরেশন,

ডাকঘরঃ কুমিল্লা-৩৫০০, থানাঃ আদর্শ সদর, জিলাঃ কুমিল্লা

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা এর ঋন গ্রহিতা মোঃ মোজাম্মেল হক ভুঁইয়া স্বত্বাধিকারী মেসার্স ভুঁইয়া এন্টারপ্রাইজ পিতাঃ মোঃ শাহ আলম ভুঁইয়া, মাতাঃ জোসনা আক্তার, ব্যবসায়িক ঠিকানাঃ কালিয়াজুরী, কুমিল্লা এবং বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হাউস নং-৪১০, গ্রামঃ কালিয়াজুরী, ভুঁইয়া বাড়ী, ডাকঘরঃ কুমিল্লা-৩৫০০,কুমিল্লা সিটি কর্পোরেশন, জেলাঃ কুমিল্লা কর্তৃক গৃহিত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋন মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১২.০৮.০২০২৪ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সর্বমোট পাওনা মং ২,০৯,৯৬,৫৪৩. ৫৫ (দুই কোটি নয় লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত তেতাল্লিশ দশমিক পঞ্চান্ন) টাকা মাত্র এবং অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর, জে এল নং-সাবেক ২৮৪ এবং হাল ৯৪ সাশনগাছা মৌজার অন্তর্গত খতিয়ান-নং-আর. এস-১২৭, বি.এস-৫৭৩ (ডিপি-৫৬৯), নামজারী খতিয়ান নং-১৯৩৭, দাগ নং আর.এস. ৪৫৫, ৪৫৪, বি.এস-৫৬০ সম্পত্তির পরিমান ৬.০০ শতক ভুমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

চৌহদ্দী
উত্তরেঃ ইদ্রিস মিয়া এবং অন্যান্য
দক্ষিনেঃ খোকন মিয়া এবং অন্যান্য
পুর্বেঃ মফিজুল ইসলাম ভুঁইয়া
পশ্চিমেঃ আবদুল আজিজের ওয়ারিশগন।

২. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর, জে এল নং-সাবেক ২৪৩ এবং হাল ৯১ কালিয়াজুরী মৌজার অন্তর্গত খতিয়ান-নং-সি.এস-১৬৪৭, আর. এস-২৫৮, বি.এস-১২ (ডিপি-৭৯১), নামজারী খতিয়ান নং-১৮৩১, দাগ নং সি.এস-৫৯৫, আর.এস-৫৯৫, বি.এস-৫ সম্পত্তির পরিমান ১০.০০ শতক ভুমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

চৌহদ্দী
উত্তরেঃ আবদুল কুদ্দুস।
দক্ষিনেঃ মোঃ মহসীন ভুঁইয়া।
পুর্বেঃ ভেন্ডার।
পশ্চিমেঃ হিরন মিয়া।

৩. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর, জে এল নং-সাবেক ২৪৩ এবং হাল ৯১ কালিয়াজুরী মৌজার অন্তর্গত খতিয়ান-নং-সি.এস-১৬৪৭, আর. এস-২৫৭, বি.এস-১৪ (ডিপি-৭৯২), নামজারী খতিয়ান নং-৭৩১, দাগ নং সি.এস-৫৯৫, আর.এস-৫৯৫, বি.এস-৮ সম্পত্তির পরিমান ৩.৭৫ শতক ভুমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

চৌহদ্দী
উত্তরেঃ মহবত আলী
দক্ষিনেঃ আলীমুদ্দিন
পুর্বেঃ সেকানদর আলী
পশ্চিমেঃ আলীমুদ্দিন

নিলামের শর্তাবলী

১। আগামী ১০.০৯.২০২৪ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরুপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ঝাউতলা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা, ডেস্কো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা ।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা।